

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-৩
পরিবহণ পুল ভবন, ঢাকা
www.tmed.gov.bd



গোপনীয়
রেজিস্টার্ড এ/ডি

নং-৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০৩.১৯-২৪২

তারিখঃ

০২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
২১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি (৯) অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব বিজয় কৃষ্ণ বেপারী, চিফ ইনস্ট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং), গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ গত ১৭/০৬/২০১৭ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

০২। যেহেতু, উক্ত অনুপস্থিতির কারণে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০১/২০১৯ রুজু করে আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

০৩। নির্ধারিত সময় অতিবাহিত হওয়া সত্ত্বেও আপনি কোন জবাব প্রেরণ করেননি;

০৪। যেহেতু, বর্ণিত কারণে আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তির লক্ষ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি (৩) মোতাবেক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৫। যেহেতু, এতদুদ্দেশ্যে নিয়োগকৃত তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে অননুমোদিত অনুপস্থিতির ধারাবাহিকতায় অননুমোদিত সময়ের অতিরিক্ত ১৭ জুন ২০১৭ হতে ০১ ফেব্রুয়ারি ২০২০ তারিখে তদন্ত চলাকালীন পর্যন্ত ০২ বছর ০৭ মাস ১৪ দিন কর্মে অনুপস্থিত থাকার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় (তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন সংযুক্ত); এবং

০৬। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩ এর উপবিধি (গ) অনুযায়ী 'পলায়ন' (Desertion) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি (৩)(ঘ) অনুযায়ী গুরুদন্ডের আওতায় 'চাকরি হতে বরখাস্ত' করা যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়।

০৭। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং ৩ এর উপবিধি (গ) অনুযায়ী 'পলায়ন' (Desertion) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালায় বিধি ৪ এর উপবিধি (৩)(ঘ) অনুযায়ী গুরুদন্ডের আওতায় কেন আপনাকে 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না তা উক্ত বিধিমালায় বিধি ৭ এর উপবিধি (৯) অনুযায়ী নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কর্তৃপক্ষ বরাবর ২য় কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হ'ল। নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব না পাওয়া গেলে উল্লিখিত বিষয়ে আপনার কোন বক্তব্য নেই বলে ধরে নেয়া হবে এবং বিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

সংযুক্তি বর্ণনামতেঃ ২৭ (সাতাশ) পাতা।


(মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব

প্রাপক: বর্তমান ঠিকানা:

জনাব বিজয় কৃষ্ণ বেপারী
চিফ ইনস্ট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং)
গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ।

স্থায়ী ঠিকানা:

জনাব বিজয় কৃষ্ণ বেপারী
গ্রাম: মালিয়া, পোষ্ট: জনতা
উপজেলা: শরণখোলা, জেলা: বাগেরহাট
মোবাইল নম্বর: ০১৯১২-৯৪৩১৯৫

পূর্ব পৃষ্ঠা দ্রষ্টব্য


নং-৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০৩.১৯-১৪২

তারিখঃ

০২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
১৮ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. যুগ্মসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অধ্যক্ষ, গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ।
৫. অতিরিক্ত সচিব (কারিগরি) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. অফিস/মাস্টার কপি।


১৮/০৭/২০২০
মোঃ আয়াতুল ইসলাম
যুগ্মসচিব (কারিগরি-৩)